



“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

বিষয়ঃ জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) এর মাসিক প্রশিক্ষণ অগ্রগতি পর্যালোচনা ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ মনিরুজ্জামান
প্রকল্প পরিচালক (উপসচিব)
জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)।

সভার তারিখ ও সময় : ২১ ডিসেম্বর ২০২১ খ্রিঃ, সকাল ১১:০০ ঘটিকা।

সভার স্থান : অনলাইন প্ল্যাটফর্ম (ZOOM)।

উপস্থিতি : পরিশিষ্ট “ক” সদয় দ্রষ্টব্য।

জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) এর জেলা পর্যায়ের কর্মকর্তাদের সাথে প্রশিক্ষণ অগ্রগতি নিয়ে অনলাইন প্ল্যাটফর্ম (ZOOM) এ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে মহান স্বাধীনতার ৫০ বছর উদযাপন উপলক্ষ্যে সুবর্ণ জয়ন্তীর শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)-কে আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সহকারী পরিচালক সভাপতির সম্মতিক্রমে সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন যা নিম্নরূপঃ

বিগত সভায় কার্যবিবরণী পাঠ, পর্যালোচনা ও অনুমোদন:

বিগত ১৭ নভেম্বর ২০২১ তারিখে ৩য় সভার কার্যবিবরণী পাঠ, পর্যালোচনা ও অনুমোদন করা হয় এবং বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতিতে সন্তুষ্টি প্রকাশ করা হয়।

আলোচনাঃ

সহকারী পরিচালক আলোচ্যসূচি উপস্থাপনের পর বিভিন্ন জেলার একাধিক কর্মকর্তা তাদের মতামত ব্যক্ত করেন যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এ প্রকল্প অগ্রণী ভূমিকা পালন করা সত্ত্বেও প্রচার-প্রচারনা না থাকায় প্রত্যন্ত অঞ্চলের সাধারণ মানুষ এ প্রকল্প সম্পর্কে ভালভাবে অবহিত নয়। তাই প্রচার-প্রচারনায় অধিক গুরুত্ব দিতে হবে। এ বিষয়ে প্রকল্পের নামে ইউটিউব চ্যানেল খোলা যেতে পারে। তথ্য আপার উঠান বৈঠকে এ প্রকল্পের সহকারী প্রোগ্রামার/প্রশিক্ষকদের অন্তর্ভুক্ত করলে এ প্রকল্পের প্রচারনার ক্ষেত্রে ভূমিকা রাখা সম্ভব হবে। এছাড়া জাতীয় মহিলা সংস্থার অন্যান্য প্রকল্পের প্রশিক্ষণের লক্ষ্যে ভর্তিচ্ছুকদের প্রশিক্ষণ শেষে জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) শীর্ষক প্রকল্প থেকে প্রশিক্ষণ নিতে হবে মর্মে শর্ত প্রদান করলে একদিকে প্রশিক্ষণার্থীগণ তথ্য ও প্রযুক্তি বিষয়ে দক্ষতা অর্জন করতে পারবে অন্য দিকে এ প্রকল্পে প্রশিক্ষণার্থী পেতে সহায়ক ভূমিকা পালন করবে।

একাধিক কর্মকর্তা তাদের বক্তব্যে বলেন, আসবাবপত্র মেরামতের প্রয়োজনীয়তা রয়েছে। জেলার ব্যাংক হিসাব পরিচালনার ক্ষেত্রে বেসরকারী ব্যাংকগুলো ব্যাংক একাউন্ট থেকে চার্জ কর্তন করে। এতে অতিরিক্ত টাকা ব্যয় হয়। ব্যাংক একাউন্ট থেকে চার্জ না কাটার জন্য প্রকল্পের প্রধান কার্যালয় থেকে সংশ্লিষ্ট ব্যাংকের ব্যবস্থাপক বরাবর পত্র প্রদান করা যেতে পারে।

৬৪ জেলা কেন্দ্রের “কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন” সকালে এবং “গ্রাফিক্স ডিজাইন এন্ড মাল্টিমিডিয়া প্রোগ্রামিং কোর্স” এ বিকালে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণার্থীদের সুবিধা বিবেচনাপূর্বক উক্ত ট্রেডের সময় পরিবর্তন করা যেতে পারে।

অধিকতর ভালোভাবে প্রশিক্ষণ প্রদানের জন্য কম্পিউটারের প্রয়োজনীয়তা রয়েছে। পঞ্চগড়ের প্রশিক্ষক (কম্পিউটার) তথ্য প্রযুক্তি সংক্রান্ত বই প্রকাশের জন্য আগ্রহ প্রকাশ করেন। স্থানীয় পিআইসি সভার আহ্বানের লক্ষ্যে বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। মুজিব শতবর্ষ উপলক্ষে প্রশিক্ষণার্থীদের জন্য বিশেষ ছাড়ের ব্যবস্থা থাকলে ভালো হয়। অন্য প্রকল্প/কর্মসূচি থেকে প্রশিক্ষণার্থীদের জন্য ভাতার ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হয়েছে।

সম্মানিত সকল সদস্যের বক্তব্য সভাপতি মহোদয় অত্যন্ত মনোযোগ সহকারে শোনে এবং এ বিষয়ে তিনি বলেন, ডিবিডব্লিউসিটিপি ৬৪ নামে একটি ইনোভেশন টিম গঠন করা যেতে পারে। এ বিষয়ে আহ্বায়ক হবেন অত্র প্রকল্পের সম্মানিত প্রোগ্রামার এবং সদস্য সচিব হবেন সাতক্ষীরা জেলার সহকারী প্রোগ্রামার জনাব মোঃ মিজানুর রহমান। ৬৪ জেলা থেকে টিমের অন্যান্য সদস্য নির্বাচন করা যেতে পারে। এ টিমের Terms of Reference (TOR) হচ্ছে প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী সফলভাবে বাস্তবায়নের ক্ষেত্রে রাজস্বখাতে স্থানান্তরসহ যে সকল পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন তা পরীক্ষা-নিরীক্ষা করে প্রধান কার্যালয়ে প্রস্তাব প্রেরণ করা। প্রধান কার্যালয় উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে এ প্রস্তাব নিয়ে বিস্তারিত আলোচনা করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এ প্রস্তাবের বিষয় প্রয়োজনে পিআইসি ও পিএসসি সভায় উপস্থাপন করা হবে। জরুরীভিত্তিতে প্রকল্পের সকল কর্মকর্তাদের আইডি কার্ড প্রদান করতে হবে। একাউন্ট পরিচালনার চার্জ বন্ধের চিঠি প্রেরণ করতে হবে।

জাতীয় মহিলা সংস্থার সম্মানিত চেয়ারম্যান মহোদয় এবং নির্বাহী পরিচালক মহোদয় ২ জানুয়ারি ২০২২ তারিখে জানুয়ারি-জুন ২০২২ সেশনের উদ্বোধন করবেন।

প্রয়োজনীয়তা এবং সুবিধা বিবেচনা করে জেলাওয়ারি প্রশিক্ষণের শিফট পরিবর্তন করতে পারবেন। ডিসেম্বর ২০২১ মাসের মধ্যে জানুয়ারি-জুন ২০২২ সেশনে ভর্তি কার্যক্রম শেষ করতে হবে। প্রশিক্ষণের অগ্রগতি মান বজায় রাখতে হবে। ওয়েবসাইট আরো তথ্য বহল করতে হবে।

বিস্তারিত আলোচনাতে গৃহীত সিদ্ধান্তসমূহঃ

- ১। ব্যাংক একাউন্ট চার্জ কর্তন না করার জন্য ব্যাংক বরাবর পত্র প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। জানুয়ারি-জুন ২০২২ সেশনে প্রশিক্ষণ কার্যক্রম শুভ উদ্বোধনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত হয়।
- ৩। তথ্য আপা প্রকল্পের উঠান বৈঠকে এ প্রকল্পের সহকারী প্রোগ্রামার/প্রশিক্ষক (কম্পিউটার)-কে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৪। সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে Terms of Reference (TOR) সহ একটি ইনোভেশন টিম গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ টিমের নাম হবে “ডিবিডব্লিউসিটিপি (৬৪ জেলা)” ইনোভেশন টিম উপস্থিত সকলের মতামতের প্রেক্ষিতে নিম্নরূপভাবে এ টিম গঠন করা হলো।

১) জনাব মোহাম্মদ কামরুজ্জামান, প্রোগ্রামার, জেভিমকপ্রপ (৬৪ জেলা),	আহ্বায়ক
২) জনাব, মোঃ আব্দুল্লাহ সহকারী প্রোগ্রামার, জেভিমকপ্রপ (৬৪ জেলা), কিশোরগঞ্জ জেলা	সদস্য
৩) জনাব মোঃ সোলায়মান হোসেন, সহকারী প্রোগ্রামার, জেভিমকপ্রপ (৬৪ জেলা), বাগেরহাট জেলা	সদস্য
৪) জনাব শাহীন উদ্দিন, সহকারী প্রোগ্রামার, জেভিমকপ্রপ (৬৪ জেলা), বাগেরহাট জেলা	সদস্য
৫) জনাব মোঃ নুরে আলম খান, সহকারী প্রোগ্রামার, জেভিমকপ্রপ (৬৪ জেলা), বাগেরহাট জেলা	সদস্য
৬) জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী প্রোগ্রামার, জেভিমকপ্রপ (৬৪ জেলা), বান্দরবান, জেলা	সদস্য
৭) জনাব বিপ্লব সরকার, প্রশিক্ষক (কম্পিউটার), জেভিমকপ্রপ (৬৪ জেলা), সুনামগঞ্জ জেলা	সদস্য
৮) জনাব সোহেন আহমেদ, প্রশিক্ষক (কম্পিউটার), জেভিমকপ্রপ (৬৪ জেলা), নেত্রকোনা জেলা	সদস্য
৯) জনাব মোঃ আবুল কালাম আজাদ, প্রশিক্ষক (কম্পিউটার), জেভিমকপ্রপ (৬৪ জেলা), পঞ্চগড় জেলা	সদস্য
১০) জনাব মোঃ সোলাইমান আলী, প্রশিক্ষক (কম্পিউটার), জেভিমকপ্রপ (৬৪ জেলা), জয়পুরহাট জেলা	সদস্য
১১) জনাব মেথ মিজানুর রহমান, সহকারী প্রোগ্রামার, জেভিমকপ্রপ (৬৪ জেলা), সাতক্ষীরা জেলা	সদস্য-সচিব।

টিমের কর্মপরিসিঃ

ক) সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ ও কাজের আভ্যন্তরীণ গুণগত পরিবর্তন আনয়নে সুপারিশ প্রদান।

ক) সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ ও কাজের আভ্যন্তরীণ গুণগত পরিবর্তন আনয়নে সুপারিশ প্রদান।

- গ) নারীর ক্ষমতায়নে নারী উন্নয়ন নীতি -২০১১ অনুযায়ী পদক্ষেপ গ্রহণ।
- ঘ) ওয়েবসাইট হালনাগাদসহ তথ্য বহুল করা।
- ঙ) এ প্রকল্পের কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রচারনার ক্ষেত্রে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ ও সুপারিশ প্রদান।
- চ) তথ্য আপাসহ জাতীয় মহিলা সংস্থার অন্যান্য প্রকল্পের সাথে সমন্বয়পূর্বক দক্ষতা ও প্রচারের জন্য সুপারিশ এবং ICT টুল তৈরিকরণ।
- ছ) এ সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং অর্থ বছরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন।
- জ) প্রতি দুই মাস অন্তর অন্তর টিমের সভা আহ্বান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন।
- ঝ) মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয় সাধন।
- ঞ) প্রচারনায় অধিক গুরুত্ব প্রদানের নিমিত্ত মোবাইল অ্যাপসহ সেবা সহজীকরণ বিভিন্ন টুল যেমন-ইউটিউব, ওয়েবসাইট, বই, ফোল্ডার, ফেস্টুন, ভিডিও ইত্যাদি প্রস্তুতকরণ এবং প্রচার, ব্যবহার ও সমন্বয় সাধন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত
(মোঃ মনিরুজ্জামান)
প্রকল্প পরিচালক (উপসচিব)
জেলাভিত্তিক মহিলা কম্পিউটার
প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)।

স্মারক নং-৩২.০২.০০০০.০০০.২০.০০২.২২-১৩৪

তারিখঃ ০৫/০১/২০২২ খ্রিঃ

বিতরণ-সদয় কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা (সকল)।
- ২। প্রোগ্রামার, জেলাভিত্তিক মহিলা প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)।
- ৩। সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ), জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)।
- ৪। সহকারী প্রোগ্রামার, জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) সকল।
- ৫। তথ্য প্রদানকারী কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। প্রশিক্ষক (কম্পিউটার), জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) সকল।
- ৭। পিএ টু চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ১৫৪, নিউ বেইলী রোড, ঢাকা।
- ৮। পিএ টু নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৫৪, নিউ বেইলী রোড, ঢাকা।
- ৯। সংশ্লিষ্ট নথি।


(মোহাম্মাদ আবুল বাশার ফকির)
সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ)
ফোন: ০২৪৮৩১১৫৯৮